



নতুন পথচলা শুরু, আত্মপ্রকাশ করলো 'বাংলাদেশ রিপাবলিক পার্টি'



‘বাংলাদেশ রিপাবলিক পার্টি’র আত্মপ্রকাশ: সংগৃহীত ছবি

আরও একটি নতুন রাজনৈতিক দল "বাংলাদেশ রিপাবলিক পার্টি" নামে আত্মপ্রকাশ করেছে। আজ শুক্রবার (২০ জুন) বিকালে সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট মো. মেহেদী হাসানকে সভাপতি এবং অবসরপ্রাপ্ত মেজর মো. রাজিবুল হাসানকে সাধারণ সম্পাদক হিসেবে মনোনীত করে কেন্দ্রীয় শহীদ মিনারে আত্মপ্রকাশ প্রকাশ করে দলটি। দলের প্রধান উপদেষ্টা হিসেবে থাকছেন মো. সেলিম প্রধান।

বাংলাদেশ রিপাবলিক পার্টি দলটির সভাপতি মেহেদী হাসান বলেন, জুলাই অভ্যুত্থানের পরবর্তী সময় অনেক দলই জুলাই স্পিরিট থেকে সরে গিয়েছে, যার ফলে আমরা জুলাইয়ের স্পিরিটকে ধারণ করে নতুন দল হিসেবে আত্মপ্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছি।

তিনি আরও বলেন, কিছু দল সংস্কার ছাড়াই নির্বাচন চাচ্ছে। শুধু নির্বাচনের জন্যই এ সরকার গঠন হয়নি। নির্বাচনের আগে মৌলিক সংস্কার নিশ্চিতের দাবিও জানান তিনি।

এ সময় সংস্কার ছাড়া নির্বাচন দিলে এ সরকার ব্যর্থতার পরিচয় দেবে বলেও মন্তব্য করেন মো. মেহেদী হাসান।